



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থতলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd



স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১১.০১.০০২.২১-৮৫৫

তারিখ: ২০ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

জরুরি বিজ্ঞপ্তি

এনটিআরসিএ কর্তৃক গত ৩০ মার্চ ২০২১ খ্রি: তারিখে প্রকাশিত ৩য় গণবিজ্ঞপ্তি-২০২১ এর আওতায় প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পুলিশ/সিকিউরিটি ভেরিফিকেশনের জন্য প্রত্যেক প্রার্থীকে পুলিশ প্রত্যয়ন ফরম (ভি-রোল) যথাযথভাবে পূরণ করে গত ১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রি: তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু উল্লিখিত সময়ের মধ্যে ৫,২৯৫ জন প্রার্থীর ভি-রোল ফরম এনটিআরসিএ কার্যালয়ে পাওয়া যায়নি। যে সকল প্রার্থীর ভি-রোল ফরম পাওয়া যায়নি তাদের তালিকা এনটিআরসিএ'র ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) প্রকাশ করা হয়েছে। (তালিকা দেখার জন্য এনটিআরসিএ ওয়েবসাইটের অভ্যন্তরীণ ই-সেবাসমূহ লিংক-এ ক্লিক করুন)। উক্ত প্রার্থীগণকে এনটিআরসিএ-এর ওয়েবসাইটে পুলিশ/সিকিউরিটি ভেরিফিকেশন বক্স থেকে ভি-রোল ফরম ডাউনলোড করে উক্ত ফরমের ০৪ (চার) কপি স্বহস্তে যথাযথভাবে পূরণ করে ভি-রোল ফরমের উপরিভাগে রোল, ব্যাচ এবং খামের উপরে বড় অক্ষরে প্রার্থীর নিজ জেলার নাম, নিবন্ধন পরীক্ষার রোল, ব্যাচ এবং মোবাইল নম্বর উল্লেখ করে ডাকযোগে এ কার্যালয়ে আগামী ২৬ ডিসেম্বর ২০২১ খ্রি: তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। যে সকল প্রার্থীর ভি-রোল ফরম পাওয়া যায়নি তাদেরকে টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক SMS এর মাধ্যমেও বিষয়টি জানিয়ে দেয়া হবে। **উক্ত তারিখের পরে আর কোন ভি-রোল ফরম গ্রহণ করা হবে না।**

বিশেষ দ্রষ্টব্যঃ প্রার্থীদেরকে তাদের শিক্ষক নিবন্ধন সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানাই ভি-রোল ফরমের স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো। জরুরি প্রয়োজনে এনটিআরসিএ'র মোবাইল নম্বর ০১৬৩৫-৪০৫৮০১ তে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(কাজী কামরুল আহছান)
(উপসচিব)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
☎ ৪১০৩০১২১।

বিতরণ: (সদয় অবগতির জন্য):

১. পিএ টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), এনটিআরসিএ, ঢাকা;
২. সিস্টেম এনালিস্ট (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩. অফিস কপি।